গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

স্মারক নং-৫৯.১২.০০০০.০০১.০৬.০৪১.১৯-১০০০ তারিখ: ১০ কার্তিক ১৪৩২ / ২৫ নভেম্বর ২০২৫

**বিষয়: জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট(নিপোর্ট)-এর ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব ইশরাত জামান, মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
সভার তারিখ ও সময় : ২৫/১১/২০২৫, সকাল: ১১.০০ টা
সভার স্থান : কনফারেন্স রুম, নিপোর্ট, কক্ষ নং: ৩১৮;

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য;

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে পরিচয় পর্বের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে নিপোর্টের পরিচালক (প্রশাসন)' ও যুগ্মসচিব জনাব মো: গোলাম মোস্তফা ত্রৈমাসিক সমন্বয় সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভায় বিগত ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা দৃঢ় করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিপোর্ট প্রধান কার্যালয়, আরপিটিআই এবং আরটিসি'র কর্মকর্তাবৃন্দ তাদের সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়ে মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | জনবল | সাম্প্রতিক সময়ে বেশ কয়েক দফায় নিপোর্টে জনবল নিয়োগ হওয়ায় বিভিন্ন প্রতিষ্ঠানে তীব্র জনবল সংকট কিছুটা কমলেও এখনও কোন কোন প্রতিষ্ঠানে পরিচ্ছন্নতাকর্মী এবং নিরাপত্তা প্রহরী পদ শূন্য হওয়ায় এ পদ ২টি দ্রুত পূরণ করা প্রয়োজন। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের মধ্যে কিছু প্রতিষ্ঠানে অগ্রাধিকার ভিত্তিতে জনবল পদায়ন করা হয়েছে। নতুন জনবল নিয়োগের পর পরবর্তীতে জনবল পদায়ন করা হবে। | পরিচালক (প্রশাসন) |
| ২ | পত্রজারির রেজিস্ট্রার ও মুভমেন্ট রেজিস্ট্রার | পত্রজারির রেজিস্ট্রার ও মুভমেন্ট রেজিস্ট্রারের বিষয়ে আলোচনা হয়। | অফিসের কোনো পত্র জারির ক্ষেত্রে বিধি মোতাবেক পত্র জারির রেজিস্ট্রার মেইনটেইন করতে হবে এবং অফিস সময়ে কর্মস্থল ত্যাগ করতে হলে মুভমেন্ট রেজিস্ট্রারে আগমন ও প্রস্থানের সময় উল্লেখ করতে হবে। | পরিচালক (প্রশাসন), অধ্যক্ষ (আরপিটিআই-সকল), প্রশিক্ষণ কর্মকর্তা (আরটিসি-সকল) |
| ৩ | Central Register ও Master File সংক্রান্ত | বর্তমানে নিপোর্ট ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহে কোনো সেন্ট্রাল রেজিষ্টার না থাকায় পরিচালক (প্রশাসন) বিষয়টির প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে গুরুত্বারোপ করেন। তিনি আরও উল্লেখ করেন মাস্টার/গার্ড ফাইল যথাযথ ভাবে মেইনটেইন করা একটি প্রতিষ্ঠানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও জবাবদিহিতার সাথে সম্পর্কিত। Central Register এবং | নিপোর্ট ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহে Central Register এবং Master/Guard File মেইনটেইন করার বিষয়ে মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন এবং এসংক্রান্ত প্রশিক্ষণ | পরিচালক (প্রশিক্ষণ) অধ্যক্ষ (আরপিটিআই) ও প্রশিক্ষণ কর্মকর্তা (সকল); জনাব মোহাম্মদ সাফাত মোস্তফা, |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | Master/Guard File মেইনটেইন/চালু করার বিষয়ে আলোচনা হয়। | আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | তত্ত্বাবধায়ক (প্রশাসন), জনাব সায়মা হোসেন প্রশিক্ষক ও জনাব শাহরিয়ার জাহান সাকিব, গবেষণা সহযোগী |
| ৪ | গাড়ী মেরামত | গাড়ী মেরামতের বিষয়ে পরিচালক (প্রশাসন) বলেন, গাড়ী মেরামতের ক্ষেত্রে যথার্থতা বিবেচনা করে মেরামত করার ওপর গুরুত্বারোপ করনে। | গাড়ীর পরিবর্তনকৃত অংশগুলো স্টোরে সংরক্ষণ করতে হবে। গাড়ী মেরামতের ক্ষেত্রে বাজার যাচাই কমিটির যাচাইয়ের পর পরিবর্তনযোগ্য পার্টস ক্রয়ের ক্ষেত্রে ভাউচার/ক্রয়ের রশিদ অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। | অধ্যক্ষ (আরপিটিআই) ও প্রশিক্ষণ কর্মকর্তা(আরটিসি) (সকল); |
| ৫ | অডিট সংক্রান্ত | নিপোর্ট ও এর আওতাধীন অফিস সমূহের প্রাতিষ্ঠানিক সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে প্রতিটি অফিসে বরাদ্দকৃত বাজেটের বিপরীতে আর্থিক বিধি-বিধান ও নিয়ম-নীতি অনুসরণ করার বিষয়ে বিশদ আলোচনা হয়। | প্রাতিষ্ঠানিক সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে প্রতিটি অফিসে বরাদ্দকৃত বাজেটের বিপরীতে আর্থিক বিধি-বিধান ও নিয়ম-নীতির পরিপালন হচ্ছে কি না সে বিষয়ে আলোচনা শেষে ইতোপূর্বে গঠিত 'অভ্যন্তরীণ নিরীক্ষা ও হিসাব পরিদর্শন' কমিটির পরিদর্শন শেষে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে পূর্ণাঙ্গ প্রতিবেদন মহাপরিচালক মহোদয় বরাবর দাখিল করতে হবে এবং উক্ত প্রতিবেদনের প্রেক্ষিতে অধ্যক্ষ/প্রশিক্ষণ কর্মকর্তাগণকে ব্রডশীট জবাব দাখিল করতে হবে। | অধ্যক্ষ(সকল)/প্রশিক্ষণ কর্মকর্তা (সকল), জনাব এমদাদুল হক, হিসাবরক্ষণ কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্মচারীবৃন্দ (সকল) |
| ৬ | আরটিসি, ধামরাই | আরটিসি, ধামরাই এর প্রশিক্ষণ কর্মকর্তা অত্র প্রতিষ্ঠানের বৈদ্যুতিক লাইন এর ভোল্টেজের হ্রাস-বৃদ্ধির ফলে উক্ত প্রতিষ্ঠানে যে সমস্যার সৃষ্টি হয় সে সংক্রান্ত বিষয়ে বিশদ আলোচনা হয়। | যেহেতু ইতোমধ্যে বাজেট পাওয়া গেছে তাই উক্ত বিষয়টি সমাধানের লক্ষ্যে কার্যক্রম শুরুর জন্য স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)-এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রশিক্ষণ কর্মকর্তা, আরটিসি, ধামরাই |

CamScanner

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৭ | নিপোর্ট এমআইএস (MIS) | নিপোর্টের এমআইএস (MIS) চালুকরণের বিষয়ে মহাপরিচালক মহোদয় গুরুত্বারোপ করেন এবং সংশ্লিষ্ট বিস্তারিত আলোচনা হয়। নিপোর্ট এমআইএস (MIS) চালু করার জন্য নিপোর্ট প্রধান কার্যালয়ে বর্তমানে কোনো সার্ভার নেই। এটি চালু করার জন্য লাইভ সার্ভার ও ব্যাকআপ সার্ভার প্রয়োজন। | ব্যাক আপ সার্ভার হিসেবে 'National Data Center' ব্যবহার করা যেতে পারে। | পরিচালক (প্রশাসন) ও জনাব মো: আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার |
| ৮ | আরপিটিআই, রাংগামাটি | অধ্যক্ষ, আরপিটিআই, রাঙ্গামাটি বলেন, আরপিটিআই, রাঙ্গামাটির ১১-১৫ গ্রেডের কর্মচারী নিয়োগ প্রদানের লক্ষ্যে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আবেদনপত্র প্রাথমিক যাচাই-বাছাইয়ের পর পরীক্ষা গ্রহণের অপেক্ষায় রয়েছে। তিনি আরও বলেন, আউটসোর্সিংয়ের মাধ্যমে নিয়োগযোগ্য পদসমূহ পূরণের বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি। | নিয়োগ দ্রুত সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও অধ্যক্ষ, আরপিটিআই, রাংগামাটি। |
| | | অধ্যক্ষ, আরপিটিআই, রাঙ্গামাটি আরও বলেন, আরপিটিআই, রাংগামাটি এর ১৫ শতাংশ জমি সংক্রান্ত মামলা জেলা জজ আদালত, রাঙ্গামাটিতে চলমান ছিল। বিগত অক্টোবর/২০২৪-এ মামলা দুটির রায় আরপিটিআই, রাঙ্গামাটির বিপক্ষে হয়। তার প্রেক্ষিতে, সরকার উচ্চ আদালতে রিট পিটিশন (সিভিল রিভিশন) দাখিল করে এবং মহামান্য হাইকোর্ট উক্ত পিটিশনের প্রেক্ষিতে 'Status Quo' আদেশ দেন। | সিভিল আপিলের ফাইলিংয়ের জন্য দায়িত্বশীল আইনজীবীর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে। | |
| ৯ | আরপিটিআই, কাজীপুর, সিরাজগঞ্জ | আরপিটিআই, কাজীপুর, সিরাজগঞ্জ-এ প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার নিমিত্ত লোকবল সরবরাহ নিয়ে আলোচনা হয়। | আরপিটিআই, কাজীপুর, সিরাজগঞ্জ-এ প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার নিমিত্ত প্রভাষক (মেডিক্যাল) ও ফিল্ড ট্রেনার সাময়িকভাবে সংযুক্তি রেখে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১০ | বিবিধ | আরপিটিআই, পূবাইল, গাজীপুর এর ড্রাইভার এর অধিকাল ভাতা | আরপিটিআই, পূবাইল, গাজীপুর এর ড্রাইভার এর অধিকাল ভাতা প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং অধ্যক্ষ, আরপিটিআই, গাজীপুর |
| | | আরটিসি, চকরিয়া, কক্সবাজার এর নিরাপত্তার স্বার্থে আনসার সদস্য মোতায়ন | আরটিসি, চকরিয়া, কক্সবাজার এর নিরাপত্তার স্বার্থে আনসার সদস্য মোতায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং প্রশিক্ষণ কর্মকর্তা (অ.দা), আরটিসি, চকরিয়া, কক্সবাজার |

CS CamScanner

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | আরটিসি, শেরপুর, বগুড়া এর ভবন দেবে যাওয়া | আরটিসি, শেরপুর, বগুড়া এর ভবন দেবে যাওয়ায় বিষয়ে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কর্মকর্তা নিপোর্ট প্রধান কার্যালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করবেন। | প্রশিক্ষণ কর্মকর্তা, আরটিসি, শেরপুর, বগুড়া |
| | | আরপিটিআই, রাজশাহী এর পড়ে থাকা ০৩ টি গাড়ী | আরপিটিআই, রাজশাহী এর ০৩ টি গাড়ী অকেজো ঘোষণা করার জন্য মন্ত্রনালয়ে যোগাযোগ করতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং অধ্যক্ষ, আরপিটিআই, বগুড়া |

সভার আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫।১১।২৫

ইশরাত জামান
মহাপরিচালক
ফোন: ০২২২৬৬৮৩৬৩৮
ই-মেইল: dg@niport.gov.bd

স্মারক নং-৫৯.১২.০০০০.০০১.০৬.০৪১.১৯-১০০০/১(৬০)

তারিখ: ১০ কার্তিক ১৪৩২
২৫ নভেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কলাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন, গবেষণা, প্রশিক্ষণ), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৩। কর্মকর্তা (সকল), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৪। অধ্যক্ষ, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল)----------------------------------------------।
৫। প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (সকল)-----------------------------------------------------।
৬। জনাব মো: আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার, নিপোর্ট, আজিমপুর, ঢাকা (পত্রটি ই-মেইল ও হোয়াটসঅ্যাপে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, নিপোর্ট, আজিমপুর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৮। জনাব---------------------------------------------------------------------------,নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৯। অফিস কপি।

ফয়সাল হক
উপপরিচালক (প্রশাসন) ও সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৬৬৮৩৬১৪
ই-মেইল: ddadmin@niport.gov.bd

CamScanner